



“নকলকে না বলি, দিন বদলের দৃঢ় প্রত্যয়ে দেশটাকে গড়ে তুলি”

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড, কুমিল্লা

লাকসাম রোড, কান্দিরপাড়, কুমিল্লা

ফোন : ০২৩৩৪৪০৬৩২৮, ওয়েবসাইট : www.comillaboard.gov.bd



স্মারক নং : পরী/মাধ্য/এসএসসি/২০২৩/৬২০

তারিখ : ২০/০২/২০২৩ খ্রি.

২০২৩ সনের মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (এসএসসি) পরীক্ষার সময়সূচি :

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে, ২০২৩ সনের মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (এসএসসি) পরীক্ষা নিম্নোক্ত সময়সূচি অনুযায়ী অনুষ্ঠিত হবে। বিশেষ প্রয়োজনে বোর্ড কর্তৃপক্ষ এ সময়সূচি পরিবর্তন করতে পারবেন।

বিষয় ও সময় সকাল ১০টা থেকে ১ টা পর্যন্ত	বিষয় কোড	তারিখ ও দিন	বিষয় ও সময় বিকাল ২টা থেকে ৫ টা পর্যন্ত	বিষয় কোড
১। বাংলা (আবশ্যিক) -১ম পত্র	১০১	৩০/০৪/২০২৩ রবিবার	×	×
১। বাংলা (আবশ্যিক) -২য় পত্র	১০২	০২/০৫/২০২৩ মঙ্গলবার	×	×
১। ইংরেজি (আবশ্যিক) -১ম পত্র	১০৭	০৩/০৫/২০২৩ বুধবার	×	×
১। ইংরেজি (আবশ্যিক) - ২য় পত্র	১০৮	০৭/০৫/২০২৩ রবিবার	×	×
১। গণিত (আবশ্যিক)	১০৯	০৯/০৫/২০২৩ মঙ্গলবার	×	×
১। তথ্য ও যোগাযোগ প্রযুক্তি	১৫৪	১০/০৫/২০২৩ বুধবার	×	×
১। ইসলাম ও নৈতিক শিক্ষা ২। হিন্দু ধর্ম ও নৈতিক শিক্ষা ৩। বৌদ্ধ ধর্ম ও নৈতিক শিক্ষা ৪। খ্রিস্ট ধর্ম ও নৈতিক শিক্ষা	১১১ ১১২ ১১৩ ১১৪	১১/০৫/২০২৩ বৃহস্পতিবার	×	×
১। পদার্থ বিজ্ঞান (তত্ত্বীয়) ২। বাংলাদেশের ইতিহাস ও বিশ্বসভ্যতা ৩। ফিন্যান্স ও ব্যাংকিং	১৩৬ ১৫৩ ১৫২	১৪/০৫/২০২৩ রবিবার	×	×
১। গার্হস্থ্য বিজ্ঞান (তত্ত্বীয়) ২। কৃষি শিক্ষা (তত্ত্বীয়)	১৫১ ১৩৪	১৫/০৫/২০২৩ সোমবার	×	×
১। রসায়ন (তত্ত্বীয়) ২। পৌরনীতি ও নাগরিকতা ৩। ব্যবসায় উদ্যোগ	১৩৭ ১৪০ ১৪৩	১৬/০৫/২০২৩ মঙ্গলবার	×	×
১। ভূগোল ও পরিবেশ	১১০	১৭/০৫/২০২৩ বুধবার	×	×
১। জীববিজ্ঞান (তত্ত্বীয়) ২। অর্থনীতি	১৩৮ ১৪১	১৮/০৫/২০২৩ বৃহস্পতিবার	×	×
১। বিজ্ঞান ২। উচ্চতর গণিত (তত্ত্বীয়)	১২৭ ১২৬	২১/০৫/২০২৩ রবিবার	×	×
১। হিসাববিজ্ঞান	১৪৬	২২/০৫/২০২৩ সোমবার	×	×
১। বাংলাদেশ ও বিশ্বপরিচয়	১৫০	২৩/০৫/২০২৩ মঙ্গলবার	×	×

চলমান পাতা

ব্যবহারিক পরীক্ষার সময়সূচি :

বিষয়	বিষয় কোড	তারিখ ও দিন	সময়	স্থান	মন্তব্য
সকল বিষয়ের ব্যবহারিক পরীক্ষা	২৪/০৫/২০২৩ ৩০/০৫/২০২৩	বুধবার থেকে মঙ্গলবার পর্যন্ত। (উল্লিখিত তারিখের মধ্যে অবশ্যই পরীক্ষা সম্পন্ন করতে হবে)। পরীক্ষা শেষে ০৬/০৬/২০২৩ মঙ্গলবার তারিখের মধ্যে হাতে হাতে ব্যবহারিক উত্তরপত্র, স্বাক্ষরলিপি ও অন্যান্য আনুষঙ্গিক কাগজপত্রাদি রোল নম্বরের ক্রমানুসারে সাজিয়ে কেন্দ্র সচিবের ফরওয়ার্ডিংসহ পরীক্ষা নিয়ন্ত্রক দপ্তরের মাধ্যমিক/এফএসএম শাখায় জমা দিতে হবে।	প্রতিদিন সকাল ১০টা থেকে পরীক্ষা শুরু হবে।	স্ব-স্ব পরীক্ষা কেন্দ্রে পরীক্ষা অনুষ্ঠিত হবে। (যে কেন্দ্র/ ভেন্যুতে তত্ত্বীয় পরীক্ষা দিয়েছে)।	ব্যবহারিক পরীক্ষার জন্য শুধুমাত্র ব্যবহারিক উত্তরপত্র ব্যবহার করতে হবে। কোনক্রমেই তত্ত্বীয় পরীক্ষার মূল উত্তরপত্র ব্যবহার করা যাবে না। বিঃদ্র: ব্যবহারিক পরীক্ষার নম্বর অনলাইনে প্রেরণ করতে হবে। অনলাইনে প্রেরিত নম্বর ফর্দের হার্ডকপি বোর্ডে জমা দিতে হবে না। তবে এক সেট প্রিন্ট কপি কেন্দ্রসচিব সংরক্ষণ করবেন।

বিশেষ নির্দেশাবলি :

- ০১। পরীক্ষা শুরু ৩০(ত্রিশ) মিনিট পূর্বে অবশ্যই পরীক্ষার্থীদেরকে পরীক্ষা কেন্দ্রে আসন গ্রহণ করতে হবে।
- ০২। প্রশ্নপত্রে উল্লিখিত সময় অনুযায়ী পরীক্ষা গ্রহণ করতে হবে।
- ০৩। প্রথমে বহুনির্বাচনি ও পরে সৃজনশীল/রচনামূলক (তত্ত্বীয়) পরীক্ষা অনুষ্ঠিত হবে এবং উভয় পরীক্ষার মধ্যে কোনো বিরতি থাকবে না।
- ০৪। পরীক্ষার্থীগণ তাদের প্রবেশপত্র নিজ নিজ প্রতিষ্ঠান প্রধানের নিকট হতে পরীক্ষা আরম্ভের কমপক্ষে ০৩ (তিন) দিন পূর্বে সংগ্রহ করবে।
- ০৫। সকল শিক্ষাবর্ষের পরীক্ষার্থীদের শারীরিক শিক্ষা, স্বাস্থ্য বিজ্ঞান ও খেলাধুলা (১৪৭) এবং ক্যারিয়ার শিক্ষা (১৫৬) বিষয়সমূহ এনসিটিবি এর নির্দেশনা অনুসারে ধারাবাহিক মূল্যায়নের মাধ্যমে প্রাপ্ত নম্বর শিক্ষা প্রতিষ্ঠানসমূহ সংশ্লিষ্ট কেন্দ্রকে সরবরাহ করবে। সংশ্লিষ্ট কেন্দ্রের কেন্দ্র সচিব ব্যবহারিক পরীক্ষার নম্বরের সাথে ধারাবাহিক মূল্যায়নের প্রাপ্ত নম্বর বোর্ডের ওয়েবসাইটে অনলাইনে প্রেরণ নিশ্চিত করবেন।
- ০৬। পরীক্ষার্থীগণ তাদের নিজ নিজ উত্তরপত্রের OMR ফরমে তার পরীক্ষার রোল নম্বর, রেজিস্ট্রেশন নম্বর, বিষয় কোড ইত্যাদি যথাযথভাবে লিখে বৃত্ত ভরাট করবে। কোন অবস্থাতেই উত্তরপত্র ভাঁজ করা যাবে না।
- ০৭। পরীক্ষার্থীকে সৃজনশীল/রচনামূলক (তত্ত্বীয়), বহুনির্বাচনি ও ব্যবহারিক অংশে পৃথকভাবে পাস করতে হবে।
- ০৮। প্রত্যেক পরীক্ষার্থী কেবলমাত্র রেজিস্ট্রেশন ও প্রবেশপত্রে বর্ণিত বিষয়/বিষয়সমূহের পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে। কোন অবস্থাতেই ভিন্ন বিষয়ে পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে না।
- ০৯। কোন পরীক্ষার্থীর পরীক্ষা (সৃজনশীল/ রচনামূলক (তত্ত্বীয়), বহুনির্বাচনি ও ব্যবহারিক) নিজ বিদ্যালয়ে/প্রতিষ্ঠানে অনুষ্ঠিত হবে না। পরীক্ষার্থী স্থানান্তরের মাধ্যমে আসন বিন্যাস করতে হবে।
- ১০। পরীক্ষার্থীগণ পরীক্ষায় সাধারণ সাইন্টিফিক ক্যালকুলেটর ব্যবহার করতে পারবে এবং এনালগ ঘড়ি সাথে রাখতে পারবে। প্রোগ্রামিং ক্যালকুলেটর ব্যবহার করতে পারবে না।
- ১১। কেন্দ্র সচিব ছাড়া অন্য কোন ব্যক্তি/পরীক্ষার্থী পরীক্ষা কেন্দ্রে মোবাইল ফোন আনতে এবং ব্যবহার করতে পারবেন না। কেন্দ্র সচিব শুধুমাত্র ফিচার ফোন (স্মার্ট ফোন ব্যতীত) ব্যবহার করতে পারবেন।
- ১২। সৃজনশীল/ রচনামূলক (তত্ত্বীয়), বহুনির্বাচনি ও ব্যবহারিক পরীক্ষায় পরীক্ষার্থীর উপস্থিতির জন্য একই উপস্থিতি পত্র ব্যবহার করতে হবে।
- ১৩। ব্যবহারিক পরীক্ষা স্ব- স্ব কেন্দ্র/ভেন্যুতে অনুষ্ঠিত হবে।
- ১৪। পরীক্ষার ফল প্রকাশের ০৭ (সাত) দিনের মধ্যে পুনঃপরীক্ষার জন্য অনলাইনে SMS এর মাধ্যমে আবেদন করা যাবে।

২০/০২/২৩

(ড. মোঃ আসাদুজ্জামান)

পরীক্ষা নিয়ন্ত্রক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড, কুমিল্লা

ফোন : ০২৩৩৪৪০৬১৭২

